

অধ্যক্ষ,

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল মেডিকেল কলেজ

বিষয় :- পুরাতন কারিকুলামের ২০২০ সনের জুলাই মাসের ফাইনাল পেশাগত এম.বি.বি.এস. পরীক্ষার ফরম ও ফিস্ জমা দেওয়া প্রস্তুতি।

জনাব,

পুরাতন কারিকুলামের ২০২০ সনের জুলাই মাসের ফাইনাল পেশাগত এম.বি.বি.এস. সাপ্টিমেন্টারী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের অনলাইনে ফরমপূরণ ও ফিস্ বিনা বিলম্ব ফিসে আগমনি ১৫/১০/২০২০ তারিখের মধ্যে ফরমপূরণ কার্যক্রম অনলাইনে সম্পন্ন করে অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “[www.ducmc.com](http://www.ducmc.com)” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ১৫/১০/২০২০ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস্ জমা নেওয়া সম্ভব হইবে না।

#### পরীক্ষার ফিস্ ও অন্যান্য ফিসের হার

- (ক) ফাইনাল পেশাগত এম.বি.বি.এস.পরীক্ষার  
প্রতি বিষয়ের জন্য পরীক্ষার ফিস্ -----১,২০০/০০ (এক হাজার দুইশত) টাকা।  
(খ) প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস্-----৮৫০/০০ (চার শত পঞ্চাশ) টাকা।  
(গ) অনিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর রিটেনশন ফিস্-----৭৫০/০০ (সাত শত পঞ্চাশ) টাকা  
নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস্ দাখিল করিতে হইবে :

- ১। দেয় ফিসের টাকা “**Fees from the Constituent College**” এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া ফর্মের সঙ্গে জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হইতে হইবে।
- ২। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী যে কোন পরীক্ষায় (ফাইনাল পেশাগত) যে কোন বিষয়ে রেফার্ড পাইয়াছে সেই সকল পরীক্ষার্থীকে “**Irregular**” পরীক্ষার্থী হিসাবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস্ পরিশোধ করিতে হইবে।
- ৩। যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী কোন পরীক্ষায় (ফাইনাল পেশাগত) কোন বিষয়েই রেফার্ড পায় নাই কেবলমাত্র সেই সকল পরীক্ষার্থীকে “**Regular**” পরীক্ষার্থী হিসাবে গণ্য করিতে হইবে।
- ৪। পরীক্ষার্থীরা অনলাইনে ফরমপূরণের সময় পরীক্ষার্থী “**Regular**” অথবা “**Irregular**” কি না তা অবশ্যই উল্লেখ করিতে হইবে।
- ৫। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। পরীক্ষার্থীরা অনলাইন ফরমপূরণ সম্পন্ন করার পর পরীক্ষার্থীর নাম, তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উন্নীত সাটিফিকেটের সঙ্গে যাচাই করিতে হইবে এবং অনলাইনে পরীক্ষার্থীর “**No. of lectures**”, “**No. of demonstartions**”, “**Practical & Clinical Classes**”, “**Tutorials**”, “**Remarks**” ঘরসমূহ পূরণ করিয়া কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে “**Verify**” করিবেন।
- ৬। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জামা দিতে হইবে।
- ৭। কলেজ কর্তৃক “**Verify**” কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারাই “**Admit Card**” ডাউনলোড করিতে পারিবে।
- ৮। ফরমে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৯। কলেজের অধিভুক্ত নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।
- ১০। ফিস্ দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ.ডি.এ. দেওয়া হইবে না।
- ১১। পরীক্ষায় অংশ গ্রহণ করিতে ইচ্ছুক পরীক্ষার্থীদের সর্বশেষ পেশাগত পরীক্ষা পাশের নম্বরপত্র এর সত্যায়িত কপি অনলাইনে ফরমপূরণের সময় আপলোড করিবে এবং কলেজ কর্তৃপক্ষ “**Verify**” করিতে হইবে।

- ১২। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে ।
- ১৩। পর পর ০৪ (চার) বার অক্তকার্য পরীক্ষার্থীরা ৫ম বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না । চিকিৎসা অনুষদের ডিন মহোদয়ের অনুমতি নিয়া পর পর ০৪ (চার) বার অক্তকার্য পরীক্ষার্থীরা ৬ষ্ঠ বারের জন্য আসন্ন পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে ।
- ১৪। সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না ।
- ১৫। প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফরম ও ফিস একবারে প্রেরণ করিতে হইবে । ফরম ও ফিস বার বার প্রেরণ করা যাইবে না ।
- ১৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না ।

প্রশাসনিক ভবন,  
ঢাকা বিশ্ববিদ্যালয় ।

মেমো নং- ঘির্ষণ -> /শা- কোর্স/প.

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর/-

(মোঃ বাহালুল হক চৌধুরী)


পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয় ।

তারিখঃ ২২/০৯/২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ।

- ১। ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় ।

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক

ঢাকা বিশ্ববিদ্যালয় ।